



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৩৩০

তারিখঃ ২৪/০৪/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৩০ তম কমিশন সভা অদ্য ২৪/০৪/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- ১। সভায় Information Services Network Ltd. (ISNL) এর রাইট শেয়ার (১R : ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) অনুমোদন করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে ISNL কে কমিশন ৯৯,০৪,৭৬৫টি সাধারণ শেয়ার, প্রতিটি ১০ টাকা মূল্যে বাজারে ছেড়ে বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৯,৯০,৪৭,৬৫০.০০ (নয় কোটি নব্বই লক্ষ সাতচল্লিশ হাজার ছয় শত পঞ্চাশ) টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে Setting up WiFi Mesh technology, expansion of service এবং কোম্পানীর internal source of cash flow খাতে ব্যয় করবে। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার এবং অবলেখক হিসেবে BRAC EPL Investments Limited কাজ করছে।
- ২। আজকের সভায় কমিশন Tallu Spinning Mills Ltd. (TSML) এর রাইট শেয়ার (২R : ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি শেয়ারের বিপরীতে ২টি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে TSML কে কমিশন ৪,২৮,০০,৫১৬টি সাধারণ শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যে বাজারে ছেড়ে বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৪২,৮০,০৫,১৬০.০০ (বিয়াল্লিশ কোটি আশি লক্ষ পাঁচ হাজার একশত ষাট) টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে Working Capital এবং Bank Loan পরিশোধ খাতে ব্যয় করবে। ২০১১ সালের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী কোম্পানিটির শেয়ার প্রতি আয় ছিল টাঃ ৫.১৮। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার এবং অবলেখক হিসেবে Banco Finance and Investment Limited কাজ করছে।
- ৩। সভায় সামিট পূর্বাঞ্চল পাওয়ার কোঃ লিঃ এর ১০ টাকা মূল্যমানের ৩,০০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ৩৫ টাকা প্রিমিয়ামসহ ৪৫ টাকায় ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানিটি ১৩৫,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে প্রিফারেন্স শেয়ারের আংশিক (অর্থাৎ ১২৯,৮৮,৩৬,৩৪৪/- টাকা) Redemption করবে। এই IPO'র ইস্যু ম্যানেজার হিসাবে Prime Finance Capital Management Ltd. দায়িত্ব পালন করছে।
- ৪। প্রত্যেক ইস্যুয়ার কোম্পানীর পরিচালকদের ২১ মে ২০১২ইং তারিখের মধ্যে ২% শেয়ার অর্জনের বাধ্যবাধকতা সংক্রান্ত কমিশনের প্রজ্ঞাপন নং SEC/CMRRCD/2009-193/119/Admin/34 তাং ২২/১১/২০১১ পরিপালনের লক্ষ্যে কমিশনের আদেশ নং SEC/CMRRCD/2008-178/680 তাং ১৫/০১/২০০৮ ('Z' গ্রুপের কোম্পানীর উদ্যোক্তা/পরিচালকদের শেয়ার লেনদেন না করার বিষয়ে উভয় স্টক এক্সচেঞ্জকে প্রদানকৃত নির্দেশনা) উল্লেখিত তারিখ অর্থাৎ ২১ মে ২০১২ ইং তারিখ পর্যন্ত স্থগিত করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।


২৪/০৪/২০১২
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র